



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

তারিখ: ০৭.১২.২০২৪

প্রেস রিলিজ

পাবিপ্রবিতে “শহীদ মাহাবুব হাসান নিলয় ফুটবল টুর্নামেন্টে” চ্যাম্পিয়ন ইইই বিভাগ

বৈষম্যবিরোধী ছাত্র-জনতার আন্দোলনে পাবনায় শহীদ মাহাবুব হাসান নিলয়ের স্মরণে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের আন্তর্বিভাগ শহীদ মাহাবুব হাসান নিলয় ফুটবল টুর্নামেন্টে চ্যাম্পিয়ন হয়েছে ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগ এবং রানার্স-আপ হয়েছে গণিত বিভাগ। ইইই বিভাগ ১-০ গোলে চ্যাম্পিয়ন হয়েছে। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপাচার্য অধ্যাপক ড. এসএম আব্দুল আওয়াল। অনুষ্ঠানে নিলয়ের বাবা-মা ও পরিবারের লোকজন উপস্থিত ছিলেন।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. এসএম আব্দুল আওয়াল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পুরো খেলা উপভোগ করেন। টুর্নামেন্টে প্লেয়ার অব দ্য ফাইনাল হন ইইই বিভাগের শাহজাহান বাদশা এবং প্লেয়ার অব দ্য টুর্নামেন্ট নির্বাচিত হন ইইই বিভাগের আবু আইয়ুব।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. এসএম আব্দুল আওয়াল বক্তব্যের প্রথমেই জুলাই-আগস্টের গণ-অভ্যুত্থানে শহীদদের স্মরণ ও আহতদের প্রতি সহমর্মিতা জ্ঞাপন করেন। তিনি বলেন, সন্তানের লাশ পিতার কাঁধে বহন করা অত্যন্ত কষ্টের। আন্দোলনের মূল দর্শনকে ধারণ এবং আমাদের নিজ নিজ জায়গা হতে কাজ করতে হবে। শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, যেকোনো বিষয়ে ধৈর্যের পরিচয় দিতে হবে এবং এমন কোনো কাজ করা যাবে না, যাতে আমাদের সুনাম নষ্ট হয়। তিনি শিক্ষার্থীদের সহ-শিক্ষামূলক কার্যক্রমের প্রতি জোর দিতে বলেন।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে পাবনার আরেক শহীদ জাহিদুল ইসলামের নামে শীঘ্রই ক্রিকেট টুর্নামেন্টের আয়োজন করা হবে বলে উপাচার্য অবহিত করেন। নিলয়ের বাবা-মা এবং খেলা কমিটির সাথে জড়িতসহ সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

নিলয়ের বাবা আবুল কালাম আজাদ তার ছেলের সহ সকল শহীদদের হত্যার বিচার চান। বিচার না হলে এই আন্দোলনের কোনো গুরুত্ব থাকবে না। তিনি আবেগাপ্ত কণ্ঠে বলেন, জাতিকে এই জুলাই-আগস্টের হত্যাকাণ্ডের বিচার করতে হবে।



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

২৩ নভেম্বর শুরু হওয়া টুর্নামেন্টে বিশ্ববিদ্যালয়ের ২১টি বিভাগের ২১টি দল অংশগ্রহণ করে। টুর্নামেন্ট পরিচালনা কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মো. আমিরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠান সম্বলনা করেন ইইসিই বিভাগের সহকারী অধ্যাপক ফাতিন ইশরাক।

এ সময় বিভিন্ন অনুষদের ডিন, প্রক্টর অধ্যাপক ড. কামরুজ্জামান খান এবং ছাত্র পরামর্শ ও নির্দেশনা দপ্তরের পরিচালক ড. মো. রাশেদুল হক, বিভাগীয় চেয়ারম্যানবৃন্দ, শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

এর আগে সকাল ১১টায় শহীদ মাহাবুব হাসান নিলয়ের বাবা-মা'র উপস্থিতিতে উপাচার্য অধ্যাপক ড. এসএম আব্দুল আওয়াল খেলার মাঠে টুর্নামেন্টের ট্রফি উন্মোচন করেন। এ সময় খেলা পরিচালনা কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মো. আমিরুল ইসলামের উপস্থাপনায় বিভিন্ন অনুষদের ডিন, শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, বৈষম্যবিরোধী ছাত্র-জনতার আন্দোলনে গত ৪ আগস্ট শহীদ হন পাবনা সদর উপজেলার দোগাছি ইউনিয়নের বেতেপাড়া গ্রামের আবুল কালাম আজাদের ১৩ বছরের ছেলে মাহবুব হাসান নিলয়।

(মো. বাবুল হোসেন)

সহকারী পরিচালক

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।